# ৬ষ্ঠ উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৫ খ্রি: মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মাখন চন্দ্র সূত্রধর
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

তারিখ : ২৭ জানুয়ারি ২০২৫ খ্রি:।

সময় : বেলা ১১.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নাম ও পদবি :- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে নবযোগদানকৃত সভাপতি পরিষদের ১ম সভায় সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে পরিচিতিপর্ব গ্রহণ করে অদ্যকার সভার কাজ পরিচালনা করেন।

০২। অত:পর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। অতএব আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.০১ | কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ জানান, আমন ধান প্রায় ৯০% কর্তন সম্পন্ন হয়েছে। কর্তন চলমান রয়েছে। বোরো ধানের লক্ষ্যমাত্রা ৫১২২ হে: নির্ধারণ করা হয়েছে। এ পর্যন্ত বোরো বীজতলা ১০৮ হে: অর্জিত হয়েছে। বীজতলা আবাদ চলমান রয়েছে। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও কীটনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। | কৃষিক্ষেত্রে সার্বিক তদারকি নিশ্চিত, প্রান্তিক ও গরীব কৃষকরা যাতে প্রণোদনা পায় সে বিষয়ে লক্ষ্য রাখতে উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি, কমলগঞ্জ জানান, উপজেলা এডিপি'র ২০২৪-২৫ অর্থবছরের ১ম কিস্তির ২৯.৮৮ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে এবং সকল ইউপি হতে প্রকল্প প্রস্তাব পাওয়া গিয়াছে। পিইডিপি-৪ এর আওতায় ২৩টি স.প্রা.বি. অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ কাজ অনুমোদিত হয়েছে। তন্মধ্যে কার্যাদেশভুক্ত ২২টি বিদ্যালয়ের কাজ ১০০% সমাপ্ত। ১টির কাজ চলমান। গড় অগ্রগতি ৯৯%। উক্ত প্রকল্প হতে ৩৬টি বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ অনুমোদিত হয় তন্মধ্যে ৩০টি ১০০% সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। উক্ত প্রকল্প হতে অনুমোদনপ্রাপ্ত আরও ১টি বাউন্ডারী ওয়াল ও গেট নির্মাণসহ উপজেলা রিসোর্স সেন্টার মেরামত কাজের দরপত্র আহব্বান করা হয়েছে। উক্ত প্রকল্প হতে ২টি পর্যায়ে ৫টি বিদ্যালয়ের বড় ধরনের মেরামত কাজ ১০০% সমাপ্ত হয়। ১৩টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের জন্য আলাদা শ্রেণিকক্ষ নির্মাণ কাজের নাম অনুমোদিত হয়েছে। তন্মধ্যে শংকরপুর ও শমসেরনগর জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মাণ কাজ ১০০% সমাপ্ত। আরও ৫টি জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মাণ কাজের গড় অগ্রগতি ৪০%। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩ টি সরকারি বিদ্যালয়ে শ্রেণিকক্ষ নির্মাণ কাজ ১০০% সমাপ্ত হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%। মুন্সীবাজার স.প্র.বি. অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ, ইসলামপুর ও রামপুর স.প্রা.বি. অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ কাজ চলমান। ৩ টিতে গড় অগ্রগতি ৮৭%। ২নং ভানুবিল স.প্রা.বি. বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজের অগ্রগতি ১০০%। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩টি বিদ্যালয়ে শ্রেণিকক্ষ নির্মাণ কাজ সমাপ্ত। কাজের গড় অগ্রগতি ১০০%। আইআরআইডিপি-৩ এর আওতায় ১১টি রাস্তা উন্নয়ন কাজ ১০০% সমাপ্ত। ২টি রাস্তা মেরামত কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। আইআরআইডিপি-৪ এর আওতায় আরও ২২টি রাস্তা উন্নয়ন ও ১টি বক্স কালভার্ট নির্মাণ কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সিলেট বিভাগের গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৫টির প্রকল্পের মধ্যে | ক) বিভাগীয় কার্যক্রম চলমান রাখার পাশাপাশি তদারকি নিশ্চিত করা ও বার্ষিক উন্নয়ন কর্মসূচির টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।<br><br>খ) উপজেলা পরিষদের ঠিকাদারি নতুন লাইসেন্স ১০ টি ও পুরাতন নবায়নকৃত ৩৮টি লাইসেন্স অনুমোদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ৩৩টি সমাপ্ত, ১টি ব্রীজ নির্মাণসহ ১টি রাস্তা উন্নয়ন কাজ চলমান, গড় অগ্রগতি ৯৮.০৫%, অতিরিক্ত ৩টি নতুন রাস্তার প্রাক্কলন অগ্রগামী করা হয়েছে। ২০২১-২২ অর্থবৎসরে জিওবি অর্থায়নে গ্রামীণ "সড়ক, সেতু ও কালভার্ট মেরামত/সংরক্ষণ কর্মসূচী" এর আওতায় ১১টি প্রকল্পের কাজ ১০০% ও ২০২২-২৩ অর্থবৎসরে ৯টি প্রকল্পের কাজ ১০০%। ২০২৩-২৪ অর্থবৎসরে ১টি রাস্তার মেরামত কাজ চলমান। অগ্রগতি ৯০%। ২০২৪-২৫ অর্থবৎসরে ১১টি রাস্তা জরুরি মেরামত কাজের মধ্যে ৬টি ১০০% সমাপ্ত, ৫টির কাজ চলমান। গড় অগ্রগতি ৮১.৮১%। সিলেট বিভাগ গ্রামীণ এ্যাকসেস সড়ক উন্নয়ন (RARIP) প্রকল্পের আওতায় ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে ৬টি উন্নয়ন কাজের মধ্যে ৪টি রাস্তা ১০০% সমাপ্ত, ১টি রাস্তা উন্নয়ন কাজ বাতিল হয়েছে এবং ১টি ব্রীজ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। "সারাদেশে পুকুর ও খাল উন্নয়ন প্রকল্প (IPCP)" এর আওতায় সর্বমোট ০৬টি পুকুর ঘাটলা নির্মাণ কাজ সমাপ্ত। তাছাড়া নতুন ১টি খাল খনন কাজ ১০০% সমাপ্ত হয়েছে। Program for Supporting Rural Bridge(SuRBP) এর আওতায় ৫টি ব্রীজের ক্ষুদ্র মেরামত কাজের অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের আওতায় ১০টি ব্রীজের বৃহৎ মেরামতের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। ২টি গার্ডার ব্রীজ নির্মাণ ও ১টি আরসিসি বক্স কালভার্ট নির্মাণ কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। "ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে কুরমাছড়া পাবসস এর অধীন ডালুয়াছড়া ডব্লিউআরএস নির্মাণসহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। তাছাড়া লাঘাটাছড়া পাবসস এর অধীন দেওড়াছড়া ডব্লিউআরএস নির্মাণসহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। গড় অগ্রগতি ৯০%। "ঘূর্ণিঝড় আম্পান ও বন্যায় ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন" প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজে (২+২+১)= ৫টি রাস্তা পুনর্বাসন কাজ সমাপ্ত। ১টি ব্রীজ নির্মাণ কাজের সয়েল টেষ্ট সম্পন্ন ও ১টি রাস্তা পুনর্বাসন কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২৪টি প্রকল্পের মধ্যে ২৪টির কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের ২য় পর্যায়ের ১০টি প্রকল্পের স্কীম ১০০% সমাপ্ত হয়েছে। তাছাড়া উক্ত প্রকল্পের ৩য় পর্যায়ের আওতায় ৬৩টি স্কীমের প্রস্তাব অগ্রগামী করা হয়েছে। হাওড় অঞ্চলে ডুবো সড়ক নির্মাণ প্রকল্পের আওতায় ১৪টি রাস্তা উন্নয়নে ২৫ কোটি তেপ্পান্ন লক্ষ টাকার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। "আমার গ্রাম আমার শহর কারিগরি সহায়তা প্রকল্প" এর আওতায় হাওড় অঞ্চলের সড়ক সংযোগবিহীন ৯টি ইউনিয়নের ৫৭টি গ্রামের নামের তালিকা প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। 'গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প মৌলভীবাজার জেলা' শীর্ষক প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৯৯৭২.৭০ লক্ষ টাকার রাস্তা/ব্রীজ নির্মাণ ও মেরামত কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং ডিপিপিভুক্ত হয়েছে। 'উপজেলা ইউনিয়ন ও গ্রাম সড়কে অনুর্ধ্ব ১০০মি: দীর্ঘ ব্রীজ নির্মাণ শীর্ষক' প্রকল্প এর আওতায় ডিপিপি প্রণয়নের লক্ষ্যে অগ্রাধিকার ক্রমানুসারে ১৩টি ব্রীজের তালিকা ছকসহ এ্যাপ্রাইজাল ফরমেট অগ্রগামী করা হয়েছে। "কোর রোড নেটওয়ার্ক " এর আওতায় অত্র উপজেলার ৭টি রাস্তার সমন্বয়ে একটি কোর রোড উন্নয়ন কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। 2022-23 FY Component-Wise Flood Damage Assessment of Rural infrastructure এর আওতায় ২০টি রাস্তা ডিপিপিভুক্ত হয়েছে। ২টি রাস্তার সমন্বয়ে ১টি প্যাকেজের কাজ চলমান। গড় অগ্রগতি ৭০%। উক্ত প্রকল্পে নতুন ৫টি ব্রীজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে। উপজেলা কমপ্লেক্সে অবস্থিত উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মান কাজ চলমান রয়েছে। অগ্রগতি ৭০%। উপজেলা প্রশাসনিক ভবনের ০৪ তলার উপরে ০৫ তলায় ডি-সেট সেন্টার নির্মাণ কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৭৫%। তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থবছরে এডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের স্কীম নেওয়া হয়েছে। শীঘ্রই টেন্ডার প্রক্রিয়া শুরু হবে মর্মে সভায় জানান। তিনি আরও জানান, উপজেলা পরিষদের | | |

| ক্রমিক নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ঠিকাদারি নতুন লাইসেন্স অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় ১০টি এবং ৩৮ টি পুরাতন লাইসেন্স নবায়নের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| ৩.০৩ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ সভাকে জানান, চলতি ২০২৪-২৫ অর্থবছরে দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে এ উপজেলায় গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) খাতে বরাদ্দ পাওয়া যায়। বর্ণিত বরাদ্দ এ উপজেলায় ০৯ টি ইউনিয়নের মাঝে জনসংখ্যা ও আয়তন অনুসারে বিভাজন করা হয়। উল্লেখিত বরাদ্দ অনুসারে জরুরি ভিত্তিতে বাস্তবাঁয়ন পরিপত্র এবং বরাদ্দপত্রে বর্ণিত নির্দেশনার আলোকে প্রকল্প দাখিল করতে সকল ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। তিনি আরও জানান, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার কাজের বরাদ্দ পাওয়া গিয়েছে। বিলম্ব না করে দ্রুত তালিকা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি বরাদ্দ অনুযায়ী জনগুরুত্বপূর্ণ উন্নয়ন কার্যক্রম গ্রহণ,সামাজিক নিরাপত্তা বেষ্ঠনীর আওতায় কার্যক্রম নিয়মিত তদারকি, আকস্মিক দূর্যোগে সহায়তা অব্যাহত রাখা ও কাবিখা-কাবিটা খাতের বরাদ্দের সুষ্ঠ বন্টন করে কার্যক্রম তদারকি করতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতাল বহি:বিভাগ, অন্ত:বিভাগ এবং মাঠ পর্যায়ে স্বাস্হ্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ডিসেম্বর/২০২৪খ্রিঃ মাসের পারফর্মেন্স:<br>ক) নিরাপদ ডেলিভারীর সংখ্যা------------ ৫৯ জন।<br>খ) অন্ত:বিভাগে মোট ভর্তিকৃত রোগীর সংখ্যা---------- ৬৯৭ জন।<br>গ) জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা--- ১০৯১ জন।<br>ঘ) ই.পি.আই কভারেজ ডিসেম্বর/২৪ খ্রিঃ মাসে ৮%।<br>এছাড়া চক্ষু রোগিদের জন্য বিনামূল্যে চক্ষুসেবা চলমান রয়েছে। কিশোর-কিশোরীদের জন্য স্বাস্থ্য সেবা চলমান। টেলিমেডিসিন স্বাস্থ্য সেবা চলমান। উপজেলা পর্যায়ে পাবলিক পরীক্ষা ও বিভিন্ন সরকারী অনুষ্ঠানে মেডিকেল টিম কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ে জরুরি স্বাস্থ্য সমস্যা মোকাবেলার জন্য ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান আছে। সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম জোরদার করা হইয়াছে।<br>তিনি আরও বলেন, জটিল রোগিকে রেফার্ডে মৌলভীবাজার সদর হাসপাতালে পৌছানোর জন্য এ্যাম্বুলেন্স ব্যবস্থা চলমান রয়েছে। এছাড়া ডাক্তার স্বল্পতা থাকলেও রোগীদের যাতে কোন অসুবিধা না হয় সেজন্য সর্বোচ্চ সেবা প্রদানে হাসপাতালের সবাই কাজ করছেন মর্মে সভায় জানান। এছাড়া যেকোন অনুষ্ঠান, খেলাধূলায় মেডিকেল টীম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করা, রোগিদের যাতে ভোগান্তি না হয় সে জন্য হাসপাতালে সার্বক্ষনিক ডাক্তার উপস্থিতি নিশ্চিত করা, জরুরি সেবায় এ্যাম্বুলেন্স সার্বক্ষণিক উপস্থিত থাকার পাশাপাশি নিরবিচ্ছিন্ন সেবা প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে জানা যায়, ডিসেম্বর/২০২৪ খ্রিঃ মাসের অগ্রগতি প্রতিবেদন পেশ করেন। তিনি বলেন, স্থায়ী পদ্ধতিঃ ০৮ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতিঃ আইইউডি= ১৪ জন, ইমপ্লান্ট= ৮৩ জন। অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি= ১৯৫ জন, ইনজেকটেবলস= ১০৫ জন, কনডম= ৭২ জন, সাধারন রোগি = ১৯৩৩ জন। সিএআর- ৬৯.৫৬%। তিনি আরও বলেন, ঔষধের ঘাটতি রয়েছে তাই প্রয়োজনীয় সেবা প্রদানে কিছুটা কমতি রয়েছে। | নিরাপদ ও সচেতনতামূলক সেবা প্রদান, সাব সেক্টরগুলোতে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করতে ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রকে রোগীদের সেবার উপযোগী করতে, ঔষধের ঘাটতি দ্রুত পূরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৬ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আত্মকর্মসংস্থান কর্মসূচীতে (রাজস্ব) আত্মকর্মসংস্থান কর্মসূচীতে (রাজস্ব) ডিসেম্বর/২০২৪ ইং মাস পর্যন্ত মোট= ২,৮৬,১০,০০০/= ( দুই কোটি ছিয়াশি লক্ষ দশ হাজার ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। মোট আদায়যোগ্য ২,৬৭,৪১,১২১/- টাকা ও আদায়কৃত ২,৪৪,৭৬,৫২৭/-টাকা, চলমান আদায়ের হার ৯১.৫৩%%। মোট উপকারভোগী ৮৯৫ জন। ডিসেম্বর-২৪ মাসে আদায় ১,০১,২০০/- টাকা। প্রশিক্ষণ গ্রহণকারীর ৫৮৮১ জন। | বিধি মোতাবেক ঋণ প্রদান ও কিস্তি আদায় সুষ্ঠভাবে পরিচালনা নিশ্চিত করতে এবং সার্বিক কার্যক্রম সভায় তুলে ধরতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.০৭</td><td>খাদ্য বিভাগ</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, অত্র কমলগঞ্জ উপজেলায় ০৯ টি ইউনিয়ন ও কমলগঞ্জ পৌরসভায় ওএমএস টিসিবির মাধ্যমে ১০৬৭ জনকে জনপ্রতি ৫ কেজি করে ৩০/- টাকা দরে চাল বিক্রয় চলমান রয়েছে। আমন সংগ্রহের মাধ্যমে ১০৬০ মেঃ টন চাল ক্রয় কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান, ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫% পূরণ হয়েছে। এছাড়া মার্চ-২০২৫ মাসের মধ্যে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ দেওয়া হবে মর্মে সভায় জানান।</td><td>ওএমএস টিসিবি কর্মসূচি সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে ও আমন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জকে অনুরোধ করা হল।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.০৮</td><td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ জানান, আগামী ৩০/১২/২০২৪ খ্রি. তারিখে বিদ্যালয়ের ৩য় প্রান্তিক মূল্যায়ন পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে। ২০২৫ সনের ১ম, ২য়, ৩য় শ্রেণির বই পাওয়া গিয়াছে আশা করা যাচ্ছে শ্রীঘ্রই শিশু, ৪র্থ ও ৫ম শ্রেণির বই পাওয়া যাবে। সব শ্রেণির বই পাওয়ার সাথে তাহা আগামী ২৮-৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে বিদ্যালয় পৌঁছানোর ব্যবস্থা নেওয়া হবে। ০১ লা জানুয়ারি ২০২৫ তারিখে প্রাপ্ত বই ছাত্র/ছাত্রীদের মধ্যে পৌঁছানো হবে। প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক ও বালিকা) উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতা ব্যবস্থাপনায় সকলের সহযোগিতা ও উপস্থিতি কামনা করা হয়। উপজেলা শিক্ষা অফিসের অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান, ছাত্র-ছাত্রীদের বই পুরোপুরি আসে নাই। যেগুলো আসছে সাথে সাথে আমরা সকল শিক্ষাপ্রতিষ্ঠানে বন্টন করে দিয়েছি। যেসব শিক্ষা প্রতিষ্ঠানের সীমানা প্রাচীর নির্মাণ করা হয় নি, তার তালিকা প্রস্তুত করে প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া প্রাথমিকের শিক্ষকদের বদলি কার্যক্রম চলমান রয়েছে।</td><td>শ্রেণী কার্যক্রম যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে চালানো হয়, নীতিমালা অনুযায়ী বদলী কার্যক্রম গ্রহণ করতে এবং ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতা পূর্ণ খেলাধূলা নিশ্চিত করতে সুষ্ঠু কার্যক্রম গ্রহণের পাশাপাশি সার্বিক বিষয়ে তদারকি নিশ্চিত করতে উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.০৯</td><td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জানান ডিসেম্বর/২৪ মাসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কমলগঞ্জ উপজেলার ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির মাধ্যমিক/দাখিল স্তরের শ্রেণি কার্যক্রম যথারীতি চলমান আছে। ইংরেজি বিষয়ে অত্র উপজেলা মাধ্যমিক ও দাখিল স্তরের শিক্ষকদের প্রশিক্ষণ শ্রীমঙ্গল উপজেলায় অনুষ্ঠিত হয়। ২০২৫ শিক্ষাবর্ষের ইবতেদায়ী, দাখিল ও মাধ্যমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক আসতেছে। উপজেলার প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনার জন্য সকল প্রতিষ্ঠান প্রধানদেরকে অনুরোধ করা হয়েছে। ভর্তি কার্যক্রম ও বই বিতরণ চলমান রয়েছে। আগামী সপ্তাহে সকল বই আসবে এবং দ্রুত বিতরণ কার্যক্রম সম্পন্ন হবে মর্মে সভায় জানান।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও মাধ্যমিক বিদ্যালয়গুলোর জন্য প্রাপ্ত বইগুলো সঠিকভাবে বন্টন এবং তদারকি নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১০</td><td>উপজেলা মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ জানান, সীমান্ত দিয়ে ইলিশ মাছ পাচাররোধে বিজিবি সদস্যসহ সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা ও বিজিবিকে ইলিশ মাছ পাচাররোধে অবহিত করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১১</td><td>পল্লী উন্নয়ন বোর্ড</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন,<br>
<table>
<tr><th>ক্রম</th><th>কার্যক্রম</th><th>মাসে</th><th>বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>সদস্য ভর্তি</td><td>০</td><td>০</td><td>৭০৪৯ জন</td></tr>
<tr><td>২</td><td>দল/সমিতি গঠণ</td><td>০</td><td>০</td><td>২৯০টি</td></tr>
<tr><td>৩</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>০</td><td>০</td><td>১২০০ জন</td></tr>
<tr><td>৪</td><td>প্রদর্শণী প্লট স্থাপন</td><td>০</td><td>০</td><td>৩০ টি</td></tr>
<tr><td>৫</td><td>বীজ ও চারা বিতরণ</td><td>০</td><td>০</td><td>২৪৪ জন</td></tr>
<tr><td>৬</td><td>সঞ্চয় আমানত সংগ্রহ</td><td>১০০০০/-</td><td>১,২৮,০০০/-</td><td>৩৬,৪৬,০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>শেয়ার আমানত</td><td>০</td><td>৪,০০০/-</td><td>৭,৭৭,০০০/-</td></tr>
</table></td><td>বিধি মোতাবেক বিভাগীয় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রনং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td></td><td>সংগ্রহ</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৮</td><td>ঋণ বিতরণ</td><td>০</td><td>১৩,০৫,০০০/-</td><td>৬,৬৬,১৬,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>ঋণ আদায়</td><td>২,০০,০০০/-</td><td>৯,১৫,০০০/-</td><td>৫,৬২,৮০,০০০/-</td></tr>
<tr><td>১০.</td><td>কোভিড-১৯ প্রনোদনা ঋণ বিতরণ</td><td>০</td><td>১০,৬০,০০০/-</td><td>৮৯,৭০,০০০/-</td></tr>
</table>
তিনি আরও জানান, ৭০০০ উপকারভোগীদের ঋণ বিতরণ করা হয়েছে। এ পর্যন্ত ১৩ লক্ষ টাকা কৃষি ঋণ বিতরণ করা হয়েছে। আরও ২০ লক্ষ টাকা কৃষি ঋণ বিতরণ করা হবে মর্মে সভায় জানান।
</td><td></td><td></td></tr>
<tr><td>৩.১২</td><td>সমবায় বিভাগ</td><td>
অডিট যোগ্য সমিতি সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>অডিট যোগ্য সমিতি</th><th>ডিসেম্বর/২০২৪খ্রি. পর্যন্ত অডিট</th><th>অডিট যোগ্য সমিতি (কেন্দ্রীয়)</th><th>ডিসেম্বর/২০২৪খ্রি. পর্যন্ত অডিট</th><th>ডিসেম্বর/২০২৪খ্রি. পর্যন্ত সর্বমোট অডিট</th></tr>
<tr><td>১১০টি</td><td>৭০টি</td><td>০২টি</td><td>০২টি</td><td>৭২টি</td></tr>
</table>
অডিট সেস (সরকারী রাজস্ব) আদায় সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>ডিসেম্বর/২০২৪ খ্রি. পর্যন্ত ধার্যকৃত অডিট সেস</th><th>সরকারী কোষাগারে জমা</th><th>ধার্যকৃত অডিট সেস (কেন্দ্রীয়)</th><th>সরকারী কোষাগারে জমা</th></tr>
<tr><td>৬০০৭০/-</td><td>৬০০৭০/-</td><td>------</td><td>৬০০৭০/-</td></tr>
</table>
১। সাধারণ :<br>
(ক) সমিতির সংখ্যা ঃ ২৬৪ টি। (কার্যকর ১৩০টি, অকার্যকর ১৩৪টি)<br>
(খ) সদস্য সংখ্যা ঃ ১৩,০১৭জন।<br>
(গ) পরিশোধিত শেয়ার মূলধন ঃ ১৬.৯৪ লক্ষ।<br>
(ঘ) আদায়কৃত সঞ্চয় আমানত ঃ ৪৫.৭৮ লক্ষ।<br>
২। আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প<br>
দিশারী আশ্রয়ণ প্রকল্পে নিবন্ধিত সমবায় সমিতির ২৫ জন পুরুষ ও ০৫ জন মহিলা সদস্য কে বিগত ৩১/০৮/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা আদায়ের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>
দিশারী আশ্রয়ণ প্রকল্পে ২য় দফায় নিবন্ধিত সমবায় সমিতির ২০ জন পুরুষ ও ১০ জন মহিলা সদস্য কে বিগত ১৫/১২/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা এক বছর পর এককালীন আদায়যোগ্য। আশ্রয়ন প্রকল্পে সর্বমোট ঋণ বিতরন করা হয় ৯,০০,০০০/-টাকা<br>
অদ্য ডিসেম্বর/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত আসল আদায় ৫,৪৫,০৮৪/-টাকা, সার্ভিস চার্জ আদায় ৪৩৬০৭/-টাকা<br>
সর্বমোট ৫,৮৮,৬৯১/-টাকা আদায় করা হয়েছে। আদায়ের পরিমান ৬১%। আশ্রয়ন প্রকল্পে ২০ জন সদস্য তাদের ঋণের টাকা (১০০%) পরিশোধ করেছেন। অনাদায়ী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে।<br>
আশ্রয়ণ প্রকল্প ৪র্থ গুচ্ছ গ্রাম ভিত্তিক নতুন সমিতি নিবন্ধন প্রক্রিয়া চলমান।
</td><td>বিধি মোতাবেক বিভাগের কার্যক্রম ত্বরান্বিত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.১৩</td><td>প্রাণিসম্পদ বিভাগ</td><td>সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান,
<table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>ডিসেম্বর/২০২৪ খ্রিঃ মাসের কার্যক্রম</th><th>জুলাই/২০২৪ খ্রিঃ হতে ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>টিকা প্রদান (গবাদি পশু)</td><td>৪১০০</td><td>৬৬২৮০</td></tr>
<tr><td>টিকা প্রদান (হাঁস-মুরগী)</td><td>৪৫০০০</td><td>১২৮২১৯</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (গবাদি পশু)</td><td>২৩৩৬</td><td>১১৮৮৮</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (হাঁস-মুরগী)</td><td>১৪০০৯</td><td>৬৮২২৫</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজনন</td><td>২৬৮</td><td>১৪৫৮</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজননে বাচ্চা উৎপাদনের সংখ্যা</td><td>৯৫</td><td>৫৪৩</td></tr>
<tr><td>উঠান বৈঠক</td><td>৭</td><td>৪০</td></tr>
<tr><td>উঠান বৈঠক অংশ গ্রহনকারীর সংখ্যা</td><td>১০২</td><td>৫৪৭</td></tr>
<tr><td>প্রশিক্ষণ(মাংস প্রক্রিয়া জাতকারী)</td><td>৪০</td><td>৪০</td></tr>
<tr><td>প্রশিক্ষণ (সিআইজি খামারী)</td><td>১২০</td><td>১২০</td></tr>
<tr><td>স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ(একর)</td><td>২.১৫</td><td>১৪.৪৩</td></tr>
<tr><td>খামার /ফিডমিল/হ্যাচারী পরিদর্শণ(সংখ্যা)</td><td>১৯</td><td>৬৯</td></tr>
<tr><td>দুধ উৎপাদন (মেট্রিক টন)</td><td>১৬৮২.৮৮</td><td>১১৪৯২.৯৫</td></tr>
<tr><td>ডিম উৎপাদন (লক্ষ)</td><td>৪০.৩৪</td><td>১৮৯.৪৩</td></tr>
<tr><td>মাংস উৎপাদন মেট্রিক টন)</td><td>১৭৮৪.১৫</td><td>৭৬৭২.৮১</td></tr>
</table>
তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠির প্রকল্পের গবাদিপশু, হাঁস-মুরগি বিতরণসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। চেয়ারম্যানদের তালিকা প্রদানের জন্য চিঠি দেওয়া হবে মর্মে সভায় জানান।</td><td>বিভাগীয় কার্যক্রম ত্বরান্বিত করা ও ২০২৪-২৫ অর্থবছরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠির প্রকল্পের গবাদিপশু ও হাঁস-মুরগির বরাদ্দের নীতিমালা অনুযায়ী সুষ্ঠ বন্টন নিশ্চিত করতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জকে অনুররোধ করা হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১৪</td><td>বন বিভাগ</td><td>সভায় রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ জানান, ডিসেম্বর-২০২৪ খ্রি: মাসে চিকরাশি গোল ১৫ টুকরা ৬২.৫১ ঘ:ফু, সেগুন গোল ১২ টুকরা মোট-৫৩.৬৪ ঘ:ফুট ও গর্জন ৫টুকরা ৪৫.৫৬ ঘ:ফু:। যার সম্ভাব্য মূল্য-৮২,০০০/- টাকা। দায়েরকৃত মামলার সংখ্যা-০৪ টি । অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।</td><td>অবৈধ গাছ ও বাঁশ কাটার বিরুদ্ধে বন বিভাগের কার্যক্রম অব্যাহত রাখতে রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>ক) রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ<br>খ) চেয়ারম্যান, সকল ইউপি।</td></tr>
<tr><td>৩.১৫</td><td>সমাজসেবা বিভাগ</td><td>সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি, কমলগঞ্জ জানান, আর.এস.এস.সুদমুক্ত ঋণ বিনিয়োগ আদায় = ৩৬,৭৫০/- ,পুন:নিয়োগ=২,১৩,৭৫০/-, মাতৃকেন্দ্র ঋণ বিনিয়োগ আদায়= ১,১০,৭৭৫/-, সুবর্ন নাগরিক কার্ড বিতরণ = ৬০ জন। প্রতারক চক্র বিভিন্ন প্রকার ভাতাভোগীদের ফোন দিয়ে মোবাইলের পিন নাম্বার জানতে চায় ও তাদের কে বিভিন্ন প্রলোভন দেখিয়ে সহজ সরল মানুষের কাছ থেকে পিন নাম্বার নিয়ে নেয়। এ ব্যাপারে মানুষকে সচেতন করা প্রয়োজন। প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি: পর্যন্ত আবেদন চলমান ছিল।</td><td>আলোচ্য বিষয়ে সঠিক উপকারভোগীদের সেবা নিশ্চিতে তদারকি ও প্রচারের মাধ্যমে ভাতাভোগীদের প্রতারক চক্র থেকে সচেতন থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ</td></tr>
<tr><td>৩.১৬</td><td>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম এর ২০২৩-২৪ চক্রের ডিসেম্বর/২৪ খ্রিঃ মাসের চালের ডিও জারী করা হয়েছে। উপকারভোগীদের স্ব স্ব হিসাবে সঞ্চয়ের টাকা জমা করতঃ জমা রশিদ প্রদর্শন পূর্বক চাল বিতরণ করা হচ্ছে। অধিদপ্তরের সাথে চুক্তিবদ্ধ এনজিও "ফেইথ ইন এ্যাকশন" কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ২০২৫-২০২৬ অর্থবছরে চক্র বাস্তবায়নের নিমিত্ত ইউনিয়ন ওয়ারী বিদ্যমান কার্ড সংখ্যা অনুযায়ী জরুরি ভিত্তিতে উপকারভোগী নির্বাচনের জন্য ইউনয়ন পর্যায়ে পরিপত্রসহ পত্র প্রেরণ করা হয়েছে ও নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে। অধিদপ্তর থেকে ২০২৪-২৫ অর্থবছরের জন্য বরাদ্দ পাওয়ায় মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতিটি ইউনিয়নে ০৯ জন করে জুলাই/২৪ খ্রিঃ হতে ডিসেম্বর/২৪ মাস পর্যন্ত সময়ের এবং প্রতিটি ইউনিয়নে ০৯ জন করে ডিসেম্বর/২৪ মাসের উপকারভোগী নর্বাচন প্রক্রিয়া সম্ন হয়েছে এবং জানুয়ারি/২৫ মাসের উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া</td><td>আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সুষ্ঠ তদারকি নিশ্চিত করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
</table>

| ক্রঃনং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | চলমান রয়েছে। "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় উপজেলাধীন ১০ টি ক্লাবের চলমান রয়েছে। ভিডব্লিউবি এর আওতায় ৩০ কেজি করে বিভিন্ন ইউনিয়নের উপকারভোগীদের মধ্যে বিতরণ করা হয়। এখন এই কার্যক্রম স্থগিত রয়েছে। এছাড়া মাতৃত্বকালীন ভাতা প্রতি ইউনিয়নে ৯ টি করে প্রতিমাসে দেওয়া হচ্ছে। | | |
| ৩.১৭ | জনস্বাস্থ্য বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কমলগঞ্জ জানান, বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পূর্ণ-নির্মাণের জরুরি সহায়তা শীর্ষক প্রকল্প এর আওতায় ৪০টি গভীর নলকূপ এবং ০২টি পাবলিক টয়লেটের বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত পানির উৎস এবং পাবলিক টয়লেট স্থান মুখবদ্ধ অনুযায়ী পাওয়ার পরবর্তী সময়ে মাঠ পর্যায়ে বাস্তবায়িত হবে। বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় কমলগঞ্জ পৌরসভায় আরসিসি ড্রেনেজ নির্মাণ, ওভার হেড ট্যাংক, অফিস বিল্ডিং, ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান, ডিস্ট্রিবিউশন পাইপ লাইনের মাধ্যমে হাউজহোল্ড কানেকশন এবং হাউজহোল্ড টয়লেট নির্মাণের কাজ চলমান রয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের টিএসপি এবং ৬ নং গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে এবং রহিমপুর ইউনিয়নে সিদ্ধেশ্বরপুর গামে "রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম" (পরীক্ষামূলক নলকূপ, উৎপাদক নলকূপ, পাম্প হাইজ, ওভার হেড ওয়াটার ট্যাংক ও অন্যান্য কাজসহ) পরীক্ষামূলক নলকূপ এর কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় কমলগঞ্জ উপজেলার ১৪ টি ওয়াশব্লক যথাক্রমে জগন্নাথপুর সপ্রাবি, হোমেরজান সপ্রাবি, কুরমাঘাট সপ্রাবি, ভানুবিল-২ সপ্রাবি, হকতিয়ারখোলা সপ্রাবি, জিকে সপ্রাবি, গংগানগর সপ্রাবি, মৃর্তিঙ্গা চা বাগান সপ্রাবি, রুপসপুর সপ্রাবি, রাজদিঘীর পাড় সপ্রাবি, বৃন্দাবনপুর সপ্রাবি, ছয়ছিড়ি বিষ্ণুপুর সপ্রাবি, মহেন্দ্র কুমার সপ্রাবি এবং সুনছড়া সপ্রাবি এর ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দ এসেছে। ওয়ার্টসন কমিটির সভার মাধ্যমে প্রতিটি ইউনিয়নে বন্টন করা হবে মর্মে সভায় জানান। তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থ বছরের গভীর নলকূপের বরাদ্দ এসেছে। ওয়ার্টসন কমিটির সভা করে প্রতি ইউনিয়নে ১২টি বরাদ্দ বন্টন করা হবে। | আলোচ্য বিষয়সমূহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ২০২৪-২৫ অর্থবছরের গভীর নলকূপের বরাদ্দের সুষ্ঠু বন্টন নিশ্চিত করতে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কমলগঞ্জ। |
| ৩.১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ সভাকে জানান, ডিসেম্বর/২০২৪ খ্রিঃ মাসের নতুন সংযোগ- ২৪৩ টি, পুনঃ সুযোগ- ৯১ টি, অভিযোগ গ্রহণ/নিরসন- ১৯২ টি, বিতরণ লাইন রক্ষণাবেক্ষণ (কিঃমিঃ)- ২৯৩ কিঃ মিঃ। ডিসেম্বর/২০২৪ খ্রিঃ মাসে ১৪ টি ট্রান্সফরমার নতুন স্থাপন এবং ০৭ টি ট্রান্সফরমার আপগ্রেড করা হয়েছে। মানসম্মত বিদ্যুৎ সরবরাহের স্বার্থে এলটি লাইনকে এইচটি লাইনে রুপান্তর এবং অনেক পুরাতন এইচটি লাইনকে আপগ্রেড করার কাজ চলমান রয়েছে। অত্র জোনাল অফিসের আওতাধীন সকল বৈদ্যুতিক লাইনে রক্ষণাবেক্ষণ কাজ ও লাইন সংলগ্ন গাছের ডালপালা ছাটাইয়ের কাজ চলমান রয়েছে। এমতাবস্থায় কোন কোন এলাকায় বিদ্যুৎ বন্ধ থাকতে পারে। পল্লী বিদ্যুতায়ন কাজে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। এছাড়া অত্র অফিসের আওতাভূক্ত বিভিন্ন গ্রামে বিতরণ লাইন থেকে ট্রান্সফরমার চুরির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। উক্ত চুরি রোধকল্পে আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা এবং গ্রাহক সস্যবৃন্দের সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধেও সকলের সহযোগিতা কামনা করেন। জ্বালানী সংকট ও মূল্য অস্বাভাবিক বৃদ্ধির কারণে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি রেশনিং পদ্ধতিতে চালানো হচ্ছে বিধায় লোডশেডিং ০২ ঘন্টা পর পর ০১ ঘন্টা করে হবে। লোড প্রাপ্তি সাপেক্ষে লোডশেডিং এর পরিমাণ কম- বেশী হতে পারে। আমরা সব সময় নির্ভরযোগ্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে গ্রাহকের সন্তুষ্টি অর্জন করেতে চাই। এ লক্ষ্যে আমরা অঙ্গীকারাবদ্ধ। দিনের আলোতে অফিসের কাজ-কর্ম ও দোকান-পাট/সামাজিক অনুষ্ঠান সম্পন্নকরণসহ বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে অনুরোধ করেন। তিনি আরও বলেন, বর্তমানে লোডশেডিং নেই। ট্রান্সফরমার চুরির | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক গ্রাহক সেবা নিশ্চিত করতে, ট্রান্সমিটার চুরি প্রতিরোধে ও বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে গ্রাহকদের সচেতনতার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, কমলগঞ্জ |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>বিষয়ে ইউনিয়ন পরিষদে সভার মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে সচেতন করার জন্য বলেন। এছাড়া বিভিন্ন প্রতিষ্ঠানের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্যও বলেন।</td><td></td><td></td></tr>
<tr><td>৩.১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>উপজেলা শাখা ব্যবস্থাপক জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। <u>পল্লী সঞ্চয় ব্যাংক:</u><br><u>ডিসেম্বর/২০২৪খ্রি: মাসে পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম:</u><br>সমিতি গঠন- ২২৭ টি, সদস্য অন্তর্ভূক্তি- ৯৪৫৬ জন, সম্পদের মূল্য আদায় -৪.৩২, সঞ্চয় জমা ক্রমপুঞ্জিত-৩৯৭.০৬, ঘূর্ণায়মান তহবিল প্রাপ্তি- ৫৯৩.০৯, সঞ্চয় প্রণোদনা প্রাপ্তি- ২৩৪.৯০, ঋণ বিতরণ চলতি বছরে- ৩৫৪.৩১, ঋণ আদায় চলতি বছরে ৩৪০.১২। তিনি আরও বলেন, বর্ষার সময় অত্রাফিসের সামনে প্রায় ৩০ ফুট জায়গা কর্দমাক্ত হয়ে যায়। সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বলেন।</td><td>শাখা ব্যবস্থাপক উপস্থাপন ও বিধি মোতাবেক ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় জমা নিশ্চিত করবেন।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২০</td><td>পল্লী জীবিকায়ন প্রকল্প</td><td>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, কমলগঞ্জ জানান,
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরন</th><th>মাসে অর্জন</th><th>অর্থ বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>দল গঠন</td><td>১ টি</td><td>০৩টি</td><td>৪৬ টি</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>০৫জন</td><td>১৯ জন</td><td>৬২৮ জন</td></tr>
<tr><td>৩</td><td>সঞ্চয় আদায়</td><td>১.১৫</td><td>৫.০২</td><td>৩৬.২১</td></tr>
<tr><td>৪</td><td>ক্ষুদ্র ঋণ বিতরন</td><td>৯.৬০</td><td>৩৫.৫০</td><td>১৬৪.৬৫</td></tr>
<tr><td>৫</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরন</td><td>১৩.০০</td><td>৪৭.৭৫</td><td>২০৫.৫০</td></tr>
<tr><td>৬</td><td>ক্ষুদ্র ঋণ আদায়</td><td>৩.৪০</td><td>২০.৫৭</td><td>১১১.৭৪</td></tr>
<tr><td>৭</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়</td><td>৬.২০</td><td>৩৫.৬৩</td><td>১১৩.১২</td></tr>
<tr><td>৮</td><td>সুফলভোগীদের প্রশিক্ষন প্রদান</td><td>৪০</td><td>৪০জন</td><td>৬৪০ জন</td></tr>
<tr><td>০৯</td><td>জীবিকায়ন শিল্প পল্লী গঠন</td><td>০০</td><td>০০</td><td>০২</td></tr>
</table>
তিনি আরও বলেন, ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া গ্রামভিত্তিক ৪.০০ কোটি টাকা ঋণ বিতরণ চলমান রয়েছে।</td><td>বিধি মোতাবেক ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম সুষ্ঠু তদারকির মাধ্যমে চলমান রাখতে উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ)</td></tr>
<tr><td>৩.২১</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান, পরিসংখ্যান অফিস হলুদ, আদা, আলু ফসলের পূর্বাভাস, দাগগুচ্ছ ১ম পর্ব, মাসিক কৃষি মজুরী চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২২</td><td>তথ্য কেন্দ্র</td><td>তথ্য সেবা কর্মকর্তা জানান, ডিসেম্বর/২০২৪ মাসে তথ্যকেন্দ্রে মোট সেবাগ্রহীতার সংখ্যা ১৩ জন, ডোর টু ডোর এ মোট সেবাগ্রহীতার সংখ্যা ৭৫০ জন, উঠান বৈঠকের সংখ্যা ১ টি, উঠান বৈঠকে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ৫০ জন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা ০ জন, ভিডিও প্রদর্শন- ০টি। তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। উঠান বৈঠক ও ডোর-টু-ডোর সেবা কার্যক্রম চালিয়ে যাওয়া হচ্ছে। বিভিন্ন বিদ্যালয়ে গিয়ে এইচপিভি টিকার অনলাইন আবেদন বিনামূল্যে করে দেয়া হয়েছে। তথ্যকেন্দ্রে যারা আসছে তাদেরকে প্রাথমিক সেবা ও স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে।</td><td>সহযোগিতার মাধ্যমে সেবাগ্রহীতাদের সেবা নিশ্চিত করা ও ডোর টু ডোর সেবা প্রদান নিশ্চিত করার জন্য তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২৪</td><td>বিভিন্ন রাজস্ব ব্যয়</td><td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয় নির্বাহের জন্য সভায় আলোচনা করা হয়।
<table>
<tr><th>বিষয়</th><th>ব্যয়ের পরিমাণ</th><th>ব্যয়ের খাত</th></tr>
<tr><td>উপজেলা নির্বাহী অফিসার এর আবাসিক নতুন ভবন নির্মাণাধীন থাকায় উপজেলা নির্বাহী অফিসার আপাতত: উপজেলা পরিষদের প্রশাসকের বাসভবনে অবস্থান করছেন। নবাগত উপজেলা নির্বাহী অফিসার উক্ত বাসায় অবস্থানের জন্য বাসাটি মেরামত ও রংকরণ করা হয়।</td><td>২,০০,০০০/-</td><td rowspan="2">উপজেলা পরিষদ ভবন ও বাসা বাড়ি মেরামত /সংরক্ষণ/রংকরণ</td></tr>
<tr><td>উপজেলা পরিষদের অফিস কক্ষের টেবিলের গ্লাস ও পর্দা সংযোজন</td><td>১৫,৫০০/-</td></tr>
</table></td><td>আলোচনান্তে উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়</td><td>উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ।</td></tr>
</table>

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.২৫ | বিবিধ | ক) চেয়ারম্যান, পতনঊষার ইউপি জানান, অত্র ইউনিয়নের ১ নং ওয়ার্ড ও ৭ নং ওয়ার্ডের গ্রাম পুলিশের পদ শুন্য রয়েছে। জরুরি ভিত্তিতে উক্ত ওয়ার্ডসমূহে গ্রামপুলিশ নিয়োগ দেওয়ার জন্য সভায় মতামত উপস্থাপন করেন। তিনি আরও বলেন, পতনঊষার বাজারসহ প্রায় ৩.০০ কি:মি: রাস্তা দ্রুত মেরামত করা প্রয়োজন। এছাড়া মুন্সিবাজার ভায়া রামেশ্বরপুর রাস্তাটিতে যাতে মানসম্মত কাজ হয় সেবিষয়ে উপজেলা প্রকৌশলীকে তদারকি করার জন্য অনুরোধ জানান। রাস্তার পাশে পুকুর খননের নীতিমালা জনগণকে অবহিত করতে মাইকিং এর ব্যবস্থা করলে জনগণ সচেতন হবে। পল্লী বিদ্যুতের বিষয়ে কোন গ্রাহক ভূল করলে আশেপাশের অন্যান্য গ্রাহকদের হয়রানি করা হয়। পল্লী বিদ্যুতের গাছপালা ছাটাই কার্যক্রমে পল্লী বিদ্যুতের অফিসের নিয়োজিত লোকজন বেশি ছাঁটাই করে গ্রাহকের ক্ষতি সাধনের অভিযোগ আসে। ভোটার তালিকা হালনাগাদ ও নতুন ভোটার বাড়ি বাড়ি গিয়ে ভোট তোলার জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করে রাখার জন্য মাইকিং করে জনগণকে সচেতন করতে বলেন।<br><br>খ) চেয়ারম্যান, মুন্সিবাজার ইউপি জানান, উপজেলা পরিষদ কার্যালয়, কমলগঞ্জে কোন গাড়ি পার্কিং এর ব্যবস্থা না থাকায় বিভিন্ন চেয়ারম্যানসহ আগত অন্যান্য লোকজনের গাড়িগুলো অরক্ষিত থাকে। তাই দ্রুত গাড়ি পার্কিং এর ব্যবস্থা করতে সভায় অনুরোধ জানান। তিনি আরও বলেন, বাজারের ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স অনেকে ইউনিয়ন থেকে না নিয়েই ব্যবসা চালিয়ে যাচ্ছেন। মাইকিং এর মাধ্যমে ট্রেড লাইসেন্স করা ও নবায়ন করার জন্য আমরা উৎসাহিত করছি। মাইকিং করে জানানোর পরও যারা ট্রেড লাইসেন্স করবে না তাদের উপজেলা প্রশাসনের মাধ্যমে মোবাইল কোর্ট করে শাস্তি দেওয়ার জন্য সভায় বলেন।<br><br>গ) চেয়ারম্যান, আদমপুর ইউপি জানান, ভিডব্লিউবি কার্যক্রম বন্ধ থাকায় বাছাই কার্যক্রমও বন্ধ রয়েছে। এ বিষয়ে নজর দেওয়ার জন্য সভায় বলেন। তিনি বলেন, সমাজসেবা কার্যালয়ে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার বরাদ্দ এসেছে। অনেক উপকারভোগী আগে অনলাইনে ভাতার জন্য আবেদন করেন নি তারা নতুন আবেদন করতে পারছেন না। তাই পুরাতন আবেদন থেকে নতুন বরাদ্দ প্রদান করলে অনেক যোগ্য উপকারভোগী বাদ পড়ছে। তাই নতুন অনলাইন আবেদন খোলার বিষয়ে গুরুত্ব দেওয়ার জন্য বলেন। এছাড়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের কার্যক্রমের বিষয়ে সভা না করেই উপস্থিতি স্বাক্ষর নেওয়া হচ্ছে এবং সভার কার্যবিবরনীও আমাদের দেওয়া হয় না মর্মে সভায় অবহিত করেন। ভোটার তালিকা হালনাগাদ ও নতুন ভোটার বাড়ি বাড়ি গিয়ে ভোট তোলার জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করে রাখতে মাইকিং করে জনগণকে সচেতন করতে হবে মর্মে সভায় বলেন। | ক) গ্রাম পুলিশের নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা প্রকৌশলী ও ডিজিএম, পল্লী বিদ্যুৎ সংশ্লিষ্ট বিষয়গুলো গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>খ) উপজেলা পরিষদে গাড়ি পার্কিং এর বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়। এছাড়া ট্রেড লাইসেন্স নবায়ন ও নতুন ট্রেড লাইসেন্স করার জন্য ব্যবসায়ীদের উৎসাহিত করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br><br>গ) আলোচ্য বিষয়সমূহ সংশ্লিষ্ট দপ্তর গুরুত্ব সহকারে দেখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী কমলগঞ্জ ও ডিজিএম, পল্লী বিদ্যুৎ, কমলগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি অত্র সভায় গৃহীত সিদ্ধান্তের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করার পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২/০২/২০২০
(মাখন চন্দ্র সূত্রধর)
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্মারক নং-০৫.৪৬.৫৮৫৬.০০২.০২.০৩৮.২২.১১৪(৪০)

তারিখ: ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতির জন্য।

০১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৪) পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫) জেলা প্রশাসক, মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

০৬) উপজেলা.......................................কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার ।
০৭) চেয়ারম্যান,-------------------------------------- ইউ. পি. (সকল) কমলগঞ্জ, মৌলভীবাজার ।
০৮) জনাব/বেগম--------------------------------------

02/02/2025

(মাখন চন্দ্র সূত্রধর)
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার হাজিরা

১২

তারিখ:-২৭/০১/২০২৫

মাস-জানুয়ারি/২০২৫

Date : ..............................

| ক্র: নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | [illegible], উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, [illegible] – | |
| ০২. | চেয়ারম্যান, ০১নং, শরিফপুর ইউনিয়ন – | 27.01.25 |
| ০৩. | চেয়ারম্যান, ০২ নং, [illegible] ইউনিয়ন – | ২৭/১/২৫ |
| ০৪ | চেয়ারম্যান, ০৩নং, [illegible] ইউনিয়ন – | ২৭/১/২৫ |
| ০৫. | চেয়ারম্যান, ০৪ নং, [illegible] ইউনিয়ন – | |
| ০৬. | চেয়ারম্যান, ০৫ নং, [illegible] ইউনিয়ন – | ২৭/০১/২৫ |
| ০৭. | চেয়ারম্যান, ০৬নং, [illegible] ইউনিয়ন – | |
| ০৮. | চেয়ারম্যান, ০৭ নং, আলমপুর ইউনিয়ন – | ২৭/০১/২০২৫ |
| ০৯. | চেয়ারম্যান, ০৮ নং, [illegible] ইউনিয়ন – | ২৭/০১/২০২৫ |
| ১০. | চেয়ারম্যান, ০৯ নং, ইসলামপুর ইউনিয়ন – | ২৭/১/২৫ |
| | বিভাগীয় কর্মকর্তাদের নাম ও পদবী | |
| ১১. | প্রবীর পাল, পিআইও | |
| ১২. | মো: নজরুল ইসলাম মোল্লা | |
| ১৩. | মো: মুজাহিদুল ইসলাম BM/PSB | |
| ১৪. | সাঈদ নাজমুল হাসান - উপ. পল্লী উন্নয়ন কর্মকর্তা | |
| ১৫. | মো: আব্দুর রাকিব (উপ-সহকারী প্রকৌশলী) [illegible] | |

Date : ২৭/০৭/২০২৫

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১৬. | আবু সালেহ মোহাম্মদ ফোরকান UFPO | ফোরকান |
| ১৭. | মো: কাজী শাহজাহান হক, সিনিয়র কর্মকর্তা যৌথ [illegible] কেন্দ্র, [illegible] | [signature] ২৭/০৭/২০২৫ |
| ১৮. | আব্দুল হামিদ চৌধুরী, প্রতিনিধি UHFPO O.A. | [signature] |
| ১৯. | হুমায়রা আক্তার - উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পরিষদ পি. আই. ও | [signature] |
| ২০. | স্বর্ণালী সিনহা, তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প | [signature] |
| ২১. | শাহিনা সারওয়ার 'গ্রাম আদালত' উপজেলা সমন্বয়কারী | [signature] |
| 22. | মামুনুর রশিদ - উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | [signature] |
| ২৩ | সামসুন নাহার পারভীন USEO | [signature] |
| ২৪ | [illegible], উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] |
| ২৫ | মোছা: রোমানা আক্তার তালুকদার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] |
| ২৬. | মো: সাইফুল ইসলাম তালুকদার, উপজেলা সমাজসেবা অফিসার | [signature] |
| ২৭. | ডা: কৃষ্ণ পদ দে, উপজেলা প্রাণিসম্পদ অফিসার | [signature] |
| ২৮. | মুহাম্মদ আবুল হোসেন, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | [signature] |
| ২৯ | ইমরান আলী, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) | [signature] |
| ৩০. | মো: আনিছুর রহমান [illegible], উপজেলা মৎস্য কর্মকর্তা | [signature] |
| ৩১ | সাটীন্দ্র কুমার সিংহ UAO | [signature] ২৭/০৭/২০২৫ |